

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৫, ঢাকা।
২৮/এফ, সেগুন বাগিচা, ঢাকা।

নথি নং- শুদ্ধাচার/অংশ-১/কঅ-৫/২০২১-২২/৫৬৬৭

তারিখ : ৩১/০৩/২০২২খ্রি।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভার স্থান : কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-৫, ২৮/এফ, সেগুনবাগিচা (৩য় তলা), ঢাকা।
তারিখ : ৩১/০৩/২০২২খ্রি.
সময় : বেলা ১২:৩০ ঘটিকা
সভাপতি : কর কমিশনার, কর অঞ্চল-৫, ঢাকা ও সভাপতি, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি, কর অঞ্চল-৫, ঢাকা।

(সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেয়া আছে)।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির আহ্বায়ক, অতিরিক্ত কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১, কর অঞ্চল-৫, ঢাকা জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক আলোচ্যসূচী সভায় উপস্থাপন করেন। আলোচ্যসূচী মোতাবেক বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	নৈতিকতা কমিটির সভা আয়োজন	২০২১-২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কর্ম পরিকল্পনা অনুযায়ী মাঠ পর্যায়ের দপ্তর সমূহের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। সভাপতি শুদ্ধাচার কর্মপরিকল্পনা কার্যক্রমগুলো সংশ্লিষ্ট সকলের অনুধাবন ও বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন এবং নিয়মিত শুদ্ধাচার কমিটি সভা আহ্বান করে সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়নে নির্দেশনা প্রদান করেন।	২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী নিয়মিত নৈতিকতা কমিটির সভা আয়োজিত হচ্ছে। সভাপতি শুদ্ধাচার কর্মপরিকল্পনার কার্যক্রমগুলো সংশ্লিষ্ট সকলের অনুধাবন ও বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন। নিয়মিত শুদ্ধাচার কমিটির সভা আহ্বান করে সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। অতিরিক্ত কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১
২.	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	মাঠ পর্যায়ের দপ্তর সমূহের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা করা হয়। নিয়মিত শুদ্ধাচার কমিটির সভা আহ্বান করে সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন।	কর অঞ্চল-৫, ঢাকা'র সকল অফিসে নৈতিকতা কমিটির সভার বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা করা হয়। সার্কেল কর্মকর্তা হিসাবে উপ/সহঃ/অতিঃ সহকারী কর কমিশনার তাঁদের অধীনস্থ কর্মচারীদের উদ্বুদ্ধকরণের মাধ্যমে শতভাগ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়।	১। অতিরিক্ত কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১। ২। সার্কেল কর্মকর্তাগণ।

